# Study material for

# PG Semester II Students

# Paper: EDCPCOR07T

# Pedagogical Studies

# Unit 2, Sub unit iv


## **Topic:** *The Dynamic Model of Learner Autonomy*

***Dr. S. Sen***

***Head and Associate Professor***

***Department of Education***

**The Dynamic Model of Learner Autonomy**




**The dynamic model of learner autonomy (Tassinari, 2010)**

# স্ব- শিখনের গতিশীল মডেল

Learner autonomy/স্ব- শিখন হ'ল শিক্ষার্থীদের এমন একটি ক্ষমতা, যার দ্বারা তারা তাদের শিখন পরিস্থিতি অনুসারে নিজস্ব শিখন প্রক্রিয়া কে বিভিন্ন উপায়ে এবং মাত্রাতে নিয়ন্ত্রণ করতে পারে। এটি একটি জটিল নির্মাণের গঠন/construct of constructs, যেটির বিভিন্ন মাত্রা এবং উপাদান আছে।

Learner autonomy/স্ব- শিখনের চারটি গুরুত্বপূর্ণ উপাদান হ'ল:

- cognitive/জ্ঞান মূলক এবং metacognitive/নিজস্ব জ্ঞানের জ্ঞান/চিন্তন প্রক্রিয়ার জ্ঞান সম্পর্কিত উপাদান— যার অন্তর্গত হ'ল- জ্ঞান সহ metacognitive/মেটাকগনিটিভ জ্ঞান, সচেতনতা/ awareness, শিক্ষার্থীদের বিশ্বাস/beliefs।

- Affective/অনুভূতি/প্রক্ষোভ মূলক এবং motivational/প্রেষণামূলক উপাদান-- যার অন্তর্গত হ'ল অনুভূতি, আবেগ, সদিচ্ছা, অনুপ্রেরণা।
- Action-oriented/কর্ম-ভিত্তিক উপাদান-- যার অন্তর্গত হ'ল দক্ষতা, শিখন মূলক আচরণ, সিদ্ধান্ত।
- Social/সামাজিক উপাদান-- এর অন্তর্গত হ'ল সহশিক্ষার্থী ও পরামর্শদাতা সহ শিক্ষকদের সাথে শিখনের বিষয়ে আলোচনা এবং সমঝোতা করা।

Learner autonomy/স্ব- শিখনের একটি অপরিহার্য বৈশিষ্ট্য হল শিখনের বিভিন্ন প্রেক্ষাপট এবং পরিস্থিতিতে উপরোক্ত dimensions /মাত্রা/উপাদান গুলির মিথষ্ক্রিয়া এবং তাদের মধ্যে ভারসাম্য বজায় রাখার জন্য শিক্ষার্থীর দক্ষতা।

Dynamic model /স্ব-শিখনের গতিশীল মডেল এই উপরোক্ত উপাদানগুলিকে শিক্ষার্থীদের যোগ্যতা, দক্ষতা, পছন্দ এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া রূপে বর্ণনা করে এবং তাদের পারস্পরিক সম্পর্কের ব্যাখ্যা দান ক'রে। গতিশীল মডেলের উপাদানগুলি, যোগ্যতা, দক্ষতা এবং সক্রিয়তার ক্ষেত্রের প্রতীক।

গতিশীল মডেলে এই ক্ষেত্রগুলির সক্রিয়তা এবং প্রক্রিয়া-ভিত্তিক চরিত্র, বিভিন্ন ক্রিয়াশব্দের সাহায্যে প্রকাশিত হয় - যেমন ,'structuring knowledge/' 'জ্ঞানের নির্মাণ', 'dealing with my feelings'/'নিজস্ব অনুভূতিকে নিয়ন্ত্রণ করা', 'motivating myself'/'নিজেকে অনুপ্রাণিত করা', 'planning'/'পরিকল্পনা', 'choosing materials and methods'/'উপকরণ এবং পদ্ধতি নির্বাচন করা','completing tasks'/'কাজগুলি সম্পূর্ণ করা', 'monitoring'/'মনিটরিং', 'evaluating'/ 'মূল্যায়ন', 'cooperating' and 'managing my own learning'/সহযোগিতা 'এবং' নিজস্ব শিখনের পরিচালনা করা'।

'Managing my own learning'/নিজেই নিজের শিখনের পরিচালনা ক'রা'র ক্ষেত্রটি ব্যতীত এই উপাদানগুলির মধ্যে hierarchy/ উচ্চ পর্যায় ক্রম মেনে কোনও শ্রেণীবিভাজন নেই। 'নিজেই নিজের শিখনের পরিচালনা করা' বাকী অন্যান্য সমস্ত উপাদানগুলির সংক্ষিপ্ত বিবরণ দেয় এবং সেগুলি কে super-ordinate/সুপার-অর্ডিনেট/নিজের মধ্যে অন্তর্ভুক্ত করে শিক্ষার্থীদের স্ব-শিখনের জটিল নির্মাণের একটি সাধারণ overview/সার্বিক চিত্র রচনা করে।

এই মডেলটি তাই কাঠামোগত এবং কার্যকরী, উভয় ভাবেই গতিশীল।

এই মডেলটি কাঠামোগতভাবে গতিশীল, কারণ, এখানে, প্রতিটি উপাদান অন্য সমস্তগুলির সাথে সরাসরি সম্পর্কিত(চিত্রে তীর দ্বারা প্রদর্শিত)।

এই মডেলটি কার্যকরীভাবে গতিশীল, কারণ শিক্ষার্থীরা তাদের প্রয়োজনীয়তা এবং উদ্দেশ্য অনুসারে যে কোনও উপাদান থেকে মডেলটিতে প্রবেশ করতে এবং মডেলে প্রদত্ত পথ অনুসরণ না করে, একটি উপাদান থেকে অন্য উপাদান/অংশে নিজেদের অবাধে সরিয়ে নিয়ে যেতে পারে।

উদাহরণস্বরূপ, তারা 'planning'/'পরিকল্পনা' দিয়ে শুরু ক'রে 'evaluating'/'মূল্যায়ন' এ চলে যেতে পারে। বা 'motivating myself'/'নিজেকে অনুপ্রাণিত করতে' বা অন্য যে কোনও উপাদানে নিজের পছন্দ বা সুবিধা অনুসারে চলে যেতে পারে।

এই গতিশীলতা মডেলটির একটি অত্যাবশ্যক বৈশিষ্ট্য, এবং এর জন্যই এটি learner autonomy/ স্ব-শিখনের জটিলতাকে ব্যাখ্যা করতে সক্ষম।

Dynamic model/গতিশীল মডেলটির তিনটি dimension/দিক বা মাত্রা আছে।

- **কর্ম-ভিত্তিক মাত্রা/দিক** (A predominantly action-oriented dimension)
- **জ্ঞান ও metacognitive/ মেটাকগনিটিভ জ্ঞান ভিত্তিক মাত্রা / দিক**
  (A predominantly cognitive and metacognitive dimension)
- **অনুভূতি/প্রক্ষোভ মূলক এবং অনুপ্রেরণা/ প্রেষণামূলক জ্ঞান ভিত্তিক মাত্রা/দিক**
  (A predominantly affective and motivational dimension)

1. **প্রধানতঃ কর্ম-ভিত্তিক মাত্রা/দিক** - যেমন- 'planning'/'পরিকল্পনা', 'choosing materials and methods'/'উপকরণ এবং পদ্ধতি নির্বাচন করা','completing tasks'/'কাজগুলি সম্পূর্ণ করা', 'monitoring'/'মনিটরিং', 'evaluating'/'মূল্যায়ন',ও 'managing my own learning'/নিজস্ব শিখনের পরিচালনা করা'।

2. **প্রধানতঃ জ্ঞান ও metacognitive/মেটাকগনিটিভ জ্ঞান ভিত্তিক মাত্রা/দিক**- যেমন- 'structuring knowledge'/'জ্ঞানের নির্মাণ'।

3. **প্রধানতঃ অনুভূতি/প্রক্ষোভ মূলক এবং অনুপ্রেরণা/প্রেষণামূলক জ্ঞান ভিত্তিক মাত্রা/ দিক**- যেমন- 'dealing with my feelings'/''নিজস্ব

অনুভূতিকে নিয়ন্ত্রণ করা', 'motivating myself'/'নিজেকে নিজে অনুপ্রাণিত করা' এবং এর সাথেই যুক্ত সামাজিক মাত্রা/দিক- যেমন- 'cooperating'/সহযোগিতা।

কিন্তু, এই dimensions/মাত্রাগুলির মধ্যে থাকা পার্থক্য নিছকই তাত্ত্বিক। কারণ, শিখন-শিক্ষণ প্রক্রিয়াগুলিতে, এই সমস্ত দিকই অত্যন্ত ঘনিষ্ঠভাবে একে অপরের সাথে সম্পর্কিত। যেমন-

নিজস্ব শিখনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জ্ঞান মূলক দিকগুলি (যেমন knowing about alternatives/বিকল্পগুলির সম্পর্কে জানা, এবং metacognitive/মেটাকগনিটিভ দিক গুলি (যেমন প্রতিটি বিকল্পের মূল্যায়ন ক'রা, affective/প্রক্ষোভ মূলক দিকগুলি(যেমন নিজের স্বার্থ এবং অনুপ্রেরণা সম্পর্কিত বিবেচনা)একে অপরের সাথে জড়িত থাকে।

Learning tasks/শিখন মূলক কাজগুলি সম্পাদন করার ক্ষেত্রে আবার action-oriented/ কর্ম-ভিত্তিক দিক, cognitive/জ্ঞান ও metacognitive/মেটাকগনিটিভ জ্ঞান ভিত্তিক দিক সহ affective/প্রক্ষোভ মূলক দিক জড়িত থাকে (যেমন কোনো শিখন মূলক কাজ সম্পাদনে সক্ষম হওয়া, কাজের চাহিদা অনুসারে জ্ঞানকে সক্রিয় করা ও তার প্রতিফলন করা এবং নিজস্ব অনুভূতি গুলিকে বিবেচনার আওতায় নিয়ে আসা।)

তবে, তাত্ত্বিক পার্থক্য থাকার সুবিধা হ'ল এই যে এটি শিখন গত অভিজ্ঞতা ভিত্তিক শিক্ষণ মূলক উদ্দেশ্যগুলি বাস্তবায়িত করতে সাহায্যকারীর ভূমিকা পালন ক'রে। কারণ, এই আপাত পার্থক্যের জন্যই শিক্ষার্থীর জটিল meta-capacity/মেটা-ক্যাপাসিটি/অতিরিক্ত ক্ষমতা গুলিকে বিভিন্ন যোগ্যতা সহ দক্ষতা এবং কৌশল গুচ্ছগুলিতে শ্রেণী বিভাজন করে চিহ্নিত করা সম্ভব হয়। ফলে, শিক্ষার্থী সহ শিক্ষক/পরামর্শদাতারা এই dimensions/মাত্রাগুলির প্রতি আরও ভালভাবে মনোযোগ দিতে পারেন এবং বাস্তব শিখন মূলক পরিস্থিতিতে শিক্ষার্থীর এই dimensions/মাত্রাগত বৈশিষ্ট্য গুলির উন্নতি করা সম্ভব হয়।